

প্রত্নবিষাদ

এবারের গ্রীষ্ম এসে মুছে দিয়ে গেল গত জৈষ্ঠের
অবর্ণনীয়তা অপমান, ক্ষোভ, গাত্রদাহ, সারাদেহে
রাঙা গোল দাগ, অনিদ্রা, তপ্ত তুলা, খর
রৌদ্রে মরে পড়া পাখি, পীচ - গলা, ট্রাম থেমে
বিদ্যুৎ বিহীন, বাসে ঝগড়া, অটোর ইতর ধাক্কা
সারা রাত্রি স্পর্শহীন দাম্পত্যের গাঢ় অন্ধকার

এবার গ্রীষ্ম আরও, আরও, খর, বৃষ্টি নেই টানা
কুড়ি দিন, পাখির মত মরে পড়ে আছে মানুষের
ভালোমন্দ মুছে গেছে গত গ্রীষ্মের নিষ্ঠুরতা
মানুষ এবার থেকেই সত্য জেনে, অনিবার্য জেনে বৃষ্টি চায়
সাদা ও চূড়ান্ত বৃষ্টি, ঘাসের ওপার থেকে হেঁটে আসা
বৃষ্টির মিছিল ঘনবরষার তীব্র দাগ।

মন এর বিপরীত প্রত্যেক বেদনা এসে
স্মৃতির মৃত্তিকা খুঁড়ে ফেলে দেখা যায়
প্রাচীন কঙ্কাল আগেকার অপমান দাহ
ছিন্নমেঘ মানুষ ভোলেনা কিছু, মানুষ
জাগাতে জানে ভাল প্রত্নবিষাদের কথা
ইতিহাসে নেই বলে দিন রাত্রি ধূলি ওড়ে, ছাই

এবার বেদনায় উঠে এল গত গ্রীষ্মের
অকণ, অবিলিপ্ত মুখ।।

অনিতা অগ্নিহোত্রী

